

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জুম'আ রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

ছহীহ হাদীছের আলোকে জুম'আর ছালাতের সুন্নাত

জুম'আর পূর্বে কোন রাক'আত নির্ধারিত নেই। যত ইচ্ছা তত পড়তে পারে। তবে জুম'আর ছালাতের পর চার রাক'আত ছালাত আদায় করবে। আর বাড়ীতে গিয়ে পড়তে চাইলে মাত্র দুই রাক'আত পড়বে।

عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ عَنْ رَسُوْلِ اللهِ قَالَ مَنِ اغْتَسَلَ ثُمَّ أَتَى الْجُمُعَةَ فَصلَّى مَا قُدِّرَ لَهُ ثُمَّ أَنْصَتَ حَتَّى يَفْرُغَ مِنْ خُطْبَتِهِ ثُمَّ يُصلِّى مَعَهُ غُفِرَ لَهُ مَا بَيْنَهُ وَبَيْنَ الْجُمُعَةِ الْأُخْرَى وَفَضْلُ ثَلَاثَةٍ أَيَّام.

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, রাসূল (ছাঃ) বলেন, যে ব্যক্তি গোসল করে জুম'আর ছালাতে আসবে অতঃপর তার সাধ্যানুযায়ী ছালাত আদায় করবে, তারপর ইমাম খুৎবা শেষ করা পর্যন্ত চুপ করে থাকবে; অতঃপর ইমামের সাথে ছালাত আদায় করবে, তার এই জুম'আ ও পরবর্তী জুম'আর মাঝের পাপ সমূহ ক্ষমা করা হবে। এমনকি অতিরিক্ত আরো তিন দিনের পাপ ক্ষমা করা হবে।[1]

عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُونُ اللهِ إِذَا صلَّى أَحَدُكُمُ الْجُمُعَةَ فَلْيُصلِّ بَعْدَهَا أَرْبَعًا.

আবু হুরায়রাহ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, যখন তোমাদের কেউ জুম'আর ছালাত আদায় করবে, তখন সে যেন জুম'আর পরে চার রাক'আত ছালাত আদায় করে।[2]

عَن ابْن عُمَرَ قَالَ كَانَ النَّبِيُّ لَا يُصلِّي بَعْدَ الْجُمُعَةِ حَتَّى يَنْصَرِفَ فَيُصلِّي رَكْعَتَيْن فِيْ بَيْتِهِ.

ইবনু ওমর (রাঃ) বলেন, নবী করীম (ছাঃ) জুম'আর পর বাড়ীতে না ফিরে ছালাত আদায় করতেন না। অতঃপর তিনি তাঁর বাড়ীতে দুই রাক'আত ছালাত আদায় করতেন।[3]

উল্লেখ্য যে, ইবনু ওমর (রাঃ) মসজিদে জুম'আর পর সামনে এগিয়ে গিয়ে দুই রাক'আত পড়তেন। অতঃপর আবার চার রাক'আত পড়তেন।[4]

ফুটনোট

- [1]. ছহীহ মুসলিম হা/২০২৪, ১/২৮৩ পৃঃ, (ইফাবা হা/১৮৫৭); মিশকাত হা/১৩৮২, পৃঃ ১২২; বঙ্গানুবাদ মিশকাত হা/১৩০০, ৩/১৮৮ পৃঃ; ছহীহ বুখারী হা/৮৮৩, ১/১২১ পৃঃ, (ইফাবা হা/৮৩৯, ২/১৭০ পৃঃ); মিশকাত হা/১৩৮১, পৃঃ ১২২।
- [2]. ছহীহ মুসলিম হা/২০৭৩ ও ২০৭৫, ১/২৮৮ পৃঃ, (ইফাবা হা/১৯০৬-১৯০৮); মিশকাত হা/১১৬৬, পৃঃ ১০৪; বঙ্গানুবাদ মিশকাত হা/১০৯৮, ৩/৯৩ পৃঃ।



- [3]. ছহীহ মুসলিম হা/২০৭৭; মিশকাত হা/১১৬১, পৃঃ ১০৪; বঙ্গানুবাদ মিশকাত হা/১০৯৩, ৩/৯১ পৃঃ।
- [4]. আবুদাঊদ হা/১১৩০, ১/১৬০ পৃঃ, সনদ ছহীহ; মিশকাত হা/১১৮৭, পৃঃ ১০৫; বঙ্গানুবাদ মিশকাত হা/১১১৯, ৩/১০০ পৃঃ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1979

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন